ঈদুল আযহার ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি ২৯ জুলাই

আসন্ন ঈদুল আযহা উপলক্ষে ২৯ জুলাই থেকে শুরু হচ্ছে রেলওয়ে আন্তঃনগর ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি। গত রোজার ঈদের মতো এবারও রাজধানীর কমলাপুরসহ ৫ স্থান থেকে একযোগে অগ্রিম টিকিট বিক্রি করা হবে।

এর মধ্যে কমলাপুর রেলওয়ে স্টেশনে বিক্রি হবে যমুনা সেতু হয়ে সমগ্র পশ্চিমাঞ্চলগামী আন্তঃনগর ট্রেনের টিকিট, বিমানবন্দর স্টেশন থেকে দেওয়া হবে চট্টগ্রাম ও নোয়াখালীগামী সকল আন্তঃনগর ট্রেনের টিকিট, তেজগাঁও স্টেশন থেকে বিক্রি করা হবে ময়মনসিংহ ও জামালপুরগামী ট্রেনের টিকিট, বনানী স্টেশন থেকে বিক্রি হবে নেত্রকোনাগামী মোহনগঞ্জ ও হাওড় এক্সপ্রেসের টিকিট এবং রাজধানীর ফুলবাড়িয়া (পুরাতন রেলভবন) থেকে সিলেট ও কিশোরগঞ্জগামী ট্রেনের টিকিট বিক্রি করা হবে। প্রতিদিন সকাল ৯ থেকে ৪টা পর্যন্ত টিকিট বিক্রি করা হবে।

একজন যাত্রী ৪টির বেশি টিকিট সংগ্রহ করতে পারবে না বলে রেলওয়ে সূত্র জানায়। এদিকে আগামী ১৭ জুলাই থেকে ঢাকা-বেনাপোল-যশোর রুটে চলাচল করবে বিরতিহীন নতুন ট্রেন ‘বেনাপোল এক্সপ্রেস’।

জানা গেছে, ঈদুল আযহা উপলক্ষে রেলওয়ে ঈদ ব্যবস্থাপনা নিয়ে বুধবার রেলভবনে বৈঠক হয়। বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৯ জুলাই থেকে রেলওয়ের আন্তঃনগর ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু হবে। ২ আগস্ট পর্যন্ত এই অগ্রিম টিকিট বিক্রি করা হবে। এবারও কমলাপুর স্টেশনের চাপ কমাতে রাজধানীর ৫টি স্থান থেকে অগ্রিম টিকিট বিক্রি করা হবে। এছাড়া ঈদের আগে বেনাপোল এক্সপ্রেস নামের নতুন একটি ট্রেন নামানো হবে বলে জানান তিনি।

রেলওয়ে সূত্র জানায়, পবিত্র ঈদুল আযহা উপলক্ষে বাংলাদেশ রেলওয়ে ৮ জোড়া বিশেষ ট্রেন চলাচল করবে। ট্রেনগুলো হলো-দেওয়ানগঞ্জ ঈদ স্পেশাল (১ জোড়া): ঢাকা-দেওয়ানগঞ্জ-ঢাকা: চাঁদপুর ঈদ স্পেশাল (২ জোড়া), চট্টগ্রাম-চাঁদপুর-চট্টগ্রাম, মৈত্রীর রেক দিয়ে খুলনা ঈদ স্পেশাল: খুলনা-ঢাকা-খুলনা, ঈশ্বরদী ঈদ স্পেশাল: ঢাকা- ঈশ্বরদী-ঢাকা, লালমনি ঈদ স্পেশাল: লালমনিরহাট-ঢাকা-লালমনিরহাট,

শোলাকিয়া স্পেশাল-১: ভৈরববাজার-কিশোরগঞ্জ-ভৈরববাজার, শোলাকিয়া স্পেশাল-২: ময়মনসিংহ-কিশোরগঞ্জ- ময়মনসিংহ, পবিত্র ঈদের দিন। ৫ দিন আগে থেকে ঈদের পূর্ব দিন পর্যন্ত আন্তঃনগর ট্রেনসমূহের অফ-ডে থাকবে না।